

প্রিয় পরিবারবর্গ,

2021-2022 শিক্ষা বছরে স্বাগতম —আমাদের দীর্ঘ প্রতীক্ষিত ঘরে ফেরা!

আমাদের জীবনের অত্যন্ত সমস্যাসঙ্কুল 18 মাস দীর্ঘ সময় পেরিয়ে — পূর্ণকাল প্রত্যক্ষ শিক্ষানির্দেশনার জন্য ফিরে আসতে পেরে আমি যার পর নাই উচ্ছ্বসিত। এ বছর স্কুলের প্রথম দিনটি আমার কাছেই সব কিছুর। সেটা শুধু এ কারণে নয় যে আমি আপনাদের স্কুল চ্যাঙ্গেলর, সেটা ছাড়াও আমি একজন মা-ও বটে যার একটি সন্তান নিউ ইয়র্ক সিটি পাবলিক হাই স্কুল শিক্ষার্থী যে পূর্ণ সময়ের জন্য স্কুলে ফিরে যাওয়ার আনন্দে উদ্বেলিত।

আমার মেয়ের অভিজ্ঞতা হলো একটি শ্বাস-প্রশ্বাসের মতো জীবন্ত বিষয় যা আমি 20 বছরের অধিক কাল একজন শিক্ষাবিদ হিসেবে শিখেছি: একটি ক্লাসে একজন শিক্ষার্থী ও একজন শিক্ষকের মাঝে অভিজ্ঞতার বিকল্প কোনো কিছুই হতে পারে না। সেজন্যই আমাদের ছেলেমেয়েদের নিরাপদ, সহায়ক, কঠোর স্কুলের পরিবেশে অভ্যর্থনা জানানোটা আমার কাছে একটি স্বপ্নের বাস্তবায়ন বলে মনে হচ্ছে। আমাদের স্কুল কমিউনিটির জন্য স্কুলের প্রথম দিনটি প্রকৃত অর্থেই ঘরে ফেরা।

আমি জানি COVID-19 এবং ডেল্টা ভ্যারিয়েন্ট-এর কথা আমাদের সবার মনে আছে, এবং আমি সুস্পষ্টভাবে উল্লেখ করতে চাই, আমাদের ছেলেমেয়ে, পরিবার এবং স্কুল স্টাফের নিরাপত্তা সর্বোচ্চ বিবেচ্য বিষয়। বিগত কয়েক মাস যাবত আমরা স্কুল নেতৃত্ব, গণস্বাস্থ্য বিশেষজ্ঞ, এবং অংশীদার ইউনিয়নের সাথে একটি স্বাস্থ্য ও সুরক্ষা পদ্ধতি তৈরির জন্য কাজ করেছি যা বহু স্তরবিশিষ্ট বিজ্ঞানসম্মত পরীক্ষিত সুরক্ষা কৌশল নিশ্চিত করতে পারে।

আমাদের স্কুলের উন্মুক্ত স্থানসমূহ জীবাণুমুক্ত করা, আমাদের ভবনসমূহের বায়ু চলাচলের পথগুলো (ভেন্টিলেশন) ইস্পেকশন ও সার্টিফিকেশন (পরিদর্শন ও প্রত্যয়ন) করা, এবং নিয়মিত নির্বিচারে স্টাফ ও শিক্ষার্থীদের COVID-19 পরীক্ষার ব্যবস্থার ব্যাপারে আমরা সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)-এর নির্দেশনা মেনে চলছি বা সেটাকে অতিক্রম করে যাচ্ছি। আমরা জানি মুখ ও নাকের আবরণ রোগবিস্তার হ্রাস করায় কার্যকর, এবং আমরা সকল শিক্ষার্থী ও স্টাফদের জন্য মুখ ও নাকের আবরণ বাধ্যতামূলক করেছি, সেটা স্কুল বাসে বা স্কুলের পরিসীমার যে কোনো স্থানে, ভবনের ভেতরে বা বাইরে যেখানেই হোক। এটা ভ্যাকসিন দেওয়া হোক বা না, সেটা বিবেচনা ছাড়াই প্রয়োজ্য, যদি না শিক্ষার্থীর কোনো ছাড় থাকে।

আপনাকে ও আপনার পরিবারকে সুরক্ষিত করতে আপনি যে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে পদক্ষেপ নিতে পারেন, সেটা হলো ভ্যাকসিন গ্রহণ করা বা টিকা দেওয়া। 12 বছর বা বেশি বয়সী নিউ ইয়র্কবাসীরা বিনামূল্যে কোভিড (COVID)-19 টিকা বা ভ্যাকসিন নিতে পারবে। NYC টেস্ট অ্যান্ড ট্রেনিং কোর এবং NYC ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর সাথে অংশীদারিত্বে, যেসব স্কুলসাইট 12 বছর বা অধিক বয়সী যোগ্য নিউ ইয়র্কবাসীদের স্কুলের প্রথম সপ্তাহে ফাইজার-বায়োটেক (Pfizer-BioNTech)-এর টিকা বা ভ্যাকসিন অফার করছে (এবং অক্টোবরের শুরুর দিকে দ্বিতীয় ডোজ প্রদান করা হবে)। কোনও অ্যাপয়েন্টমেন্ট প্রয়োজন নেই, এবং টিকা কেন্দ্রের সময়সূচি সম্পর্কে আপনি আপনার স্কুল থেকে কিংবা schools.nyc.gov/covid19 সাইটে আরও জানতে পারবেন।

কীভাবে আমরা শিক্ষার্থী ও স্টাফদেরকে সুস্থ ও সুরক্ষিত রাখতে 2021-22 শিক্ষা বছরে কাজ করছি, সে ব্যাপারে সর্বশেষ হালনাগাদ সংবাদ পেতে পারেন DOE-এর schools.nyc.gov/homecoming ওয়েবসাইটে।

আমি আশা করছি আপনিও আমার মতো স্কুলের প্রথম দিন নিয়ে রোমাঞ্চিত আছেন। আপনি নিশ্চিত থাকতে পারেন যে আমি সারা সপ্তাহব্যাপী স্কুল পরিদর্শনে যাবো, আমাদের ছেলেমেয়ে, পরিবার ও শিক্ষাবিদদের প্রত্যাবর্তনে স্বাগত জানাবো—এবং এ পর্যন্ত আসার জন্য আমাদের কৃতকর্মের জন্য উৎসব করবো।

সব সময়ের মতো, আমাদের সব সময়ের চেয়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ এই স্কুলের প্রথম দিনটিতে আপনাকে সঙ্গে পেয়ে আমি গর্বিত। আপনাদের ছেলেমেয়েদের দায়িত্ব আস্থার সাথে আমাদের উপর দেওয়ার জন্য ধন্যবাদ।

অংশীদারিত্বে,



মির্শা পোর্টার (Meisha Porter)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যাঙ্গেলর